






সামাজিক যোগাযোগ মাধ্যমে
পরিচিত অপরিচিত অন্যান্য গ্রুপের
সাথে সম্পৃক্ততার ক্ষেত্রে
সম্ভাব্য ঝুঁকিগুলো কী



Digital
Literacy
Center








বিভিন্ন গ্রুপের সদস্যরা নিজেদের মধ্যে স্বজনপ্রীতিমূলক আচরণ প্রদর্শন করতে পারে।

এক গ্রুপের সদস্যবৃন্দ অন্য গ্রুপের সদস্যদের প্রতি বিদ্বেষমূলক ব্যবহার করতে পারেন।


এক গ্রুপের সদস্য অন্য গ্রুপের সদস্যের কাজকে অসম্পূর্ণ বা ভুল বলে বিবেচনা করতে পারে।

পক্ষান্তরে নিজেদের কাজ সঠিক, যথাযথ ও নির্ভুল বলে মনে করতে পারে।




দুই বা ততোধিক গ্রুপের সদস্যরা একসাথে কোনো কাজ করতে গেলে সেখানে কার্যকরী যোগাযোগের অভাবে তথ্য আদান-প্রদানে অসম্পূর্ণতা থাকতে পারে।

এর ফলে কাজটি ফলপ্রসূ না হওয়ার সম্ভাবনা থেকে যায়।



সত্যিই তো!
আমাদের বেলাতেই
এমন হয়েছে।

এবার শোন অন্যান্য গ্রুপের সম্পৃক্ততার ক্ষেত্রে গ্রুপের দলনেতা, অ্যাডমিন ও মডারেটরদের মধ্যে যে ধরনের ঝুঁকি দেখা দিতে পারে সেগুলো কী কী



হ্যাঁ বল

যেমন এক গ্রুপের অ্যাডমিন অপর গ্রুপের অ্যাডমিনের উপর কর্তৃত্ব স্থাপনের অপচেষ্টা করতে পারে।

কোনো একটি গ্রুপের অ্যাডমিন সম্পূর্ণ কাজের স্বীকৃতি নিজের গ্রুপের নামে নেয়ার চেষ্টা করতে পারে।

